



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), এনএপিডি
তারিখ ও বার : ০৬ সেপ্টেম্বর, ২০২২ (মঙ্গলবার)
স্থান : এনএপিডি'র বোর্ড রুম
সময় : দুপুর ০২.০০ ঘটিকা

সভার উপস্থিতিঃ

(ক) **উপস্থিত সদস্যবৃন্দঃ** জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট) এনএপিডি, জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন) এনএপিডি, জনাব তৌহিদুর রহমান চৌধুরী (উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) এনএপিডি, জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩) এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা-১) এনএপিডি।

(খ) **অনুপস্থিতিঃ** সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির (গবেষণা কর্মকর্তা-১) জনাব দীপায়ন চক্রবর্তী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	প্রতি কোয়ার্টার-এ পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার জন্য নথি উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রতি কোয়ার্টার-এ পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার জন্য নথি উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন) ও গবেষণা কর্মকর্তা-১
২.	সিটিজেন চার্টার-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন ও ইমেইল) হালনাগাদকরণ	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম, পদবি, ফোন ও ইমেইল হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সহকারী পরিচালক জনাব মির্জা নূর ইসলাম এর স্থলে জনাব মোহাম্মদ জিয়াউর রহমান-এর নাম পদবি, ফোন ও ইমেইল প্রতিস্থাপন করতে হবে।	গবেষণা কর্মকর্তা-১
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে একাডেমির কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। প্রশিক্ষণ অধিকতর ফলপ্রসূ করার জন্য ১ম ও ২য় কোয়ার্টার-এ যেকোনো শনিবার আয়োজন করা যেতে পারে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে একাডেমির কর্মচারীদের সমন্বয়ে ০১টি প্রশিক্ষণ আগামী ১০/০৯/২০২২ (শনিবার) আয়োজন করতে হবে। অপর প্রশিক্ষণটি একাডেমির কর্মকর্তাদের সমন্বয়ে ২য় কোয়ার্টারে আয়োজন করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন) ও গবেষণা কর্মকর্তা-১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



৪.	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১ম ও ২য় কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে।	উপপরিচালক (প্রশাসন) ও গবেষণা কর্মকর্তা-১
৫.	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে তা এনএপিডির ওয়েবসাইটে আপলোড করা এবং নথিতে সংরক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে তা এনএপিডির ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং নথিতে সংরক্ষণ করতে হবে।	সহকারী প্রোগ্রামার ও গবেষণা কর্মকর্তা-১

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৭/০৯/২০২২

প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২২-

তারিখ: ০৭/০৯/২০২২

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট), এনএপিডি।
২. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন), এনএপিডি।
৩. জনাব তৌহিদুর রহমান চৌধুরী (উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৪. জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), এনএপিডি।
৫. জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা-১), এনএপিডি।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
৭. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
গবেষণা কর্মকর্তা-০১,

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)